দৈনিক সংবাদ

062

তারিখ 1 8 MAR 1988
পৃষ্ঠা 1 কলাম 2



গতকাল থেকে সারাদেশে এসএসসি পরীক্ষা শুরু হয়েছে। ছবিটি খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয় কেন্দ্র থেকে তোলা। —সংবাদ

# এসএসসি পরীক্ষা শুরু ॥ সারাদেশে কয়েকশ' বহিষ্কার ॥ কুষ্টিয়ায় গুলী

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল দেশের চারটি শিক্ষা বোর্ড—ঢাকা, কুমিল্লা, রাজশাহী ও যশোর বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষা শুরু হয়েছে। বিক্ষিপ্ত সংঘর্ষ ও ভাং-চুরের ঘটনা ছাড়া সারাদেশে

সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল পরীক্ষার প্রথম দিনে চারটি শিক্ষা বোর্ডের অধীনে বিভিন্ন পরীক্ষা কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের অভিযোগে ৬৪০ জনকে বহিষ্কার করার খবর পাওয়া গেছে। নকল সরবরাহের অভিযোগে নীলফামারীর একজন শিক্ষকসহ ১৫ জনকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত শিক্ষককে পরে ছেড়ে দেয়া হয়।

পরীক্ষাকে কেন্দ্র করে কুষ্টিয়ায় জনতা-পুলিশ সংঘর্ষের খবর পাওয়া গেছে। সংঘর্ষের এক পর্যায়ে পুলিশের গুলীবর্ষণ ও কাঁদানে গ্যাস নিক্ষেপে ৩ জন আহত হয়।

### নারায়ণগঞ্জ

নারায়ণগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক জানান, গতকাল এস, এস, সি পরীক্ষার প্রথম দিনে নারায়ণগঞ্জ জেলার ৩টি কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে ৯ জন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়েছে। বন্দর উচ্চ বালিকা বিদ্যালয়ে ১ জন, বি, এম, ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ে ৫ জন, সোনারগাঁ পাইলট স্কুল কেন্দ্রে ৩ জন পরীক্ষার্থীকে

বন্দর থানা পুলিশ পরীক্ষা কেন্দ্রে নকল সরবরাহের সময় ২ জন যুবককে গ্রেফতার করেছে।

### মুন্সীগঞ্জ

মুন্সীগঞ্জ থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানান,

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

দৈনিক সংবাদ

তারিখ 1 8 MA
পৃষ্ঠা

### এস এস সি পরীক্ষা

(১ম পাতার পর)

এস, এস, সি, পরীক্ষার প্রথম দিনে গতকাল মুন্সীগঞ্জ হাই স্কুল এবং কে,কে, সরকারী স্কুল কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের অভিযোগে ৩৫ জন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়েছে।

পরীক্ষায় নকল সরবরাহ এবং ১৪৪ ধারা ভঙ্গের অভিযোগে পুলিশ ১১ জনকে গ্রেফতার করেছে।

### ময়মনসিংহ

ময়মনসিংহ থেকে নিজস্ব সংবাদদাতা জানান, পরীক্ষা শান্তিপূর্ণভাবে হয়েছে। ২টি উপকেন্দ্র থেকে ৩জনকে বহিস্কার করা হয়েছে।

### রাজশাহী

রাজশাহী থেকে নিজস্ব সংবাদদাতা জানান, রাজশাহী বোর্ডের অধীনে এসএস,সি পরীক্ষার প্রথম দিনে গতকাল ৩৫টি কেন্দ্র থেকে ৩৮৪ জন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়েছে।

রাজশাহী জেলার ১৪টি কেন্দ্রে ১৬৬ জন, পাবনার ৭টি কেন্দ্রে ৯০জন, সিরাজগঞ্জের ৮টি কেন্দ্রে ৭৮ জন, নাটোরের ৩টি কেন্দ্রে ৩ জন ও নওগাঁ জেলার ৩টি কেন্দ্রে ১৯ জনকে বহিস্কার করা হয়েছে।

### পাবনা

পাবনা থেকে সংবাদদাতা জানান, শান্তিপুর্ণভাবে এস,এস,সি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। বিভিন্ন কেন্দ্রে অবাধে নকল চলে বলে অভিযোগ পাওয়া যায়।

### ফরিদপুর

ফরিদপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানান, পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে গতকাল ৬টি কেন্দ্র থেকে ১৪ জন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়েছে।

### কুষ্টিয়া

কুষ্টিয়া থেকে জেলা বার্তা পরিবেশক জানান, নকল সরবরাহের ঘটনাকে কেন্দ্র করে গতকাল জনতা-পুলিশ সংঘর্ষে কমপক্ষে ৩জন আহত হয়।

গতকাল এস,এস,সি পরীক্ষা চলাকালে বৃহত্তর কুষ্টিয়ার দর্শনা পরীক্ষা কেন্দ্রে পুলিশ-জনতা সংঘর্ষের এক পর্যায়ে পুলিশের গুলীবর্ষণের ফলে ৩জন আহত হয়। পুলিশের গুলীতে আহত দর্শনা কলেজের ছাত্র নুরুল ইসলাম (২১)কে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়। সংঘর্ষকালে পুলিশ ১০ রাউণ্ড গুলীবর্ষণ ও ৩ রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে।

পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে কুষ্টিয়ার কুমারখালী পরীক্ষা কেন্দ্র থেকে ৭ জনকে বহিস্কার করা হয়। এদের মধ্যে ৩জন ছাত্রী ও ৪জন ছাত্র।

### পঞ্চগড়

পঞ্চগড় থেকে নিজস্ব সংবাদদাতার ফোন: পরীক্ষার প্রথম দিনে অসদুপায় অবলম্বনের জন্যে জেলার ২টি পরীক্ষা কেন্দ্র থেকে ১০ জনকে বহিস্কার করা হয়েছে। এর মধ্যে বোদা কেন্দ্র থেকে ১ জন এবং দেবীগঞ্জ থেকে ২ জনকে বহিস্কার করা হয়।

এই সংবাদদাতা বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করার সময় বিপি সরকারী উচ্চ বিদ্যালয় ও বালিকা বিদ্যালয় উপকেন্দ্রে অবাধে নকল চলতে দেখেছেন।

### শান্তাহার

নিজস্ব সংবাদদাতার ফোন: আদমদিঘী উপজেলায় অসদুপায় অবলম্বনের জন্যে মোট ৩৫ জনকে বহিস্কার করা হয়েছে। এর মধ্যে আদমদিঘী উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ১১ জন এবং উপকেন্দ্র শান্তাহারে ২৪ জনকে বহিস্কার করা হয়। পরীক্ষায় ব্যাপক নকল হয়েছে বলে জানা গেছে।

### বাগেরহাট

বাগেরহাট থেকে নিজস্ব সংবাদদাতা জানান, এস,এস,সি পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। বাগেরহাট কেন্দ্র থেকে ৫ জনকে বহিস্কার করা হয়েছে।

### চট্টগ্রাম

চট্টগ্রাম থেকে নিজস্ব বার্তা পরিবেশক জানান চট্টগ্রাম শহরে দু'টি কেন্দ্র থেকে ৪জনকে বহিস্কার করা হয়েছে।

অন্যদিকে নকল করতে না দেয়ায় চর বাকুলিয়া কেন্দ্রে ওয়াজেদীয়া স্কুলের ছাত্ররা আসবাবপত্র তছনছ করে এবং পরীক্ষার্থীদের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া হয়।

বাংলাদেশ ব্যাংক কলোনী স্কুল কেন্দ্রেও নকল করতে না দেয়ায় আসবাবপত্র ভাংচুর করা হয়।

### যশোর

যশোর থেকে জেলা বার্তা পরিবেশকের ফোন: এস,এস,সি পরীক্ষার প্রথম দিনে গতকাল যশোর বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে ৪০ জনকে বহিস্কার করা হয়েছে।

### নীলফামারী

নীলফামারী থেকে নিজস্ব সংবাদদাতা জানান, নকল করার অভিযোগে ৫টি কেন্দ্র থেকে ৯৪ জনকে বহিস্কার করা হয়েছে। শহীদুল ইসলাম নামে একজন শিক্ষককে নকল সরবরাহের অভিযোগে গ্রেফতার করে থানায় নিয়ে যাওয়া হয়। পরে অবশ্য তাকে ছেড়ে দেয়া হয়।